

পরিচর্যা ও সুযোগের জন্য একটি পরিকল্পনা



পরিচর্যার জন্য একটি পরিকল্পনা

অর্থনৈতিক পরিবর্তনের সাথে সাথে, অনেক ব্যক্তি প্রচণ্ড চাপের সম্মুখীন হচ্ছেন, যা তাদের নিজেদের ও তাদের পরিবারের পরিচর্যা করাকে আরো কঠিন করে তুলছে। এই চ্যালেঞ্জগুলো মোকাবেলা করার জন্য, সরকার প্রদেশজুড়ে পরিচর্যা ও পরিষেবাগুলোর জন্য আরো বেশি বিনিয়োগ করছে যেগুলোর উপর লোকজন নির্ভর করে থাকে, পরিবারবৃন্দ যে চাপের সম্মুখীন হচ্ছে সেগুলো কমিয়ে আনছে এবং তাদের প্রিয়জনের পরিচর্যা করার জন্য এবং সামনের দিকে এগিয়ে যাওয়ার জন্য তাদেরকে সর্বকম সুযোগ প্রদান করছে।



আরো বেশি চাইল্ড কেয়ার, আরো বেশি অপশন

আড়াই বছর বয়সী শিশুরা কিন্ডারগার্টেনের জন্য যোগ্য হওয়ার আগে পর্যন্ত তাদের জন্য বিনামূল্যে প্রিন্স্ফুল চাইল্ড কেয়ার চালু করার মাধ্যমে আরো সাশ্রয়ী মানসম্পন্ন চাইল্ড কেয়ার প্রদান করা হচ্ছে, এর ফলে একটি সন্তান রয়েছে এমন পরিবারের জন্য গড়ে \$17,000 ডলার সাশ্রয় হবে, এবং পূর্ণ-দিবস কিন্ডারগার্টেন থেকে পরিবারগুলোর যা সাশ্রয় হবে তার সাথে এটি যোগ হবে।



ওষুধ ও দাঁতের চিকিৎসার খরচ কমানো

অন্টারিওতে ওষুধ ও দাঁতের চিকিৎসা সংক্রান্ত নতুন কর্মসূচি চালু করা হচ্ছে, যার মাধ্যমে যারা অফিস থেকে স্বাস্থ্য সুবিধা পান না অথবা OHIP+ বা অন্য কোনো সরকারি কর্মসূচি থেকে কভারেজ পান না তারা প্রতি বছর উপযুক্ত প্রেসক্রিপশনের ওষুধ ও দাঁতের চিকিৎসার খরচের শতকরা ৪০ (আশি) ভাগ ফেরত পাবেন — অবিবাহিত ব্যক্তির জন্য সর্বোচ্চ \$400 ডলার, প্রত্যেক দম্পতির জন্য \$600 ডলার এবং দু'টি ছেলেমেয়েসহ চারজনের পরিবারের জন্য \$700 ডলার।



65+ ব্যক্তিদের জন্য বিনামূল্যে প্রেসক্রিপশনের ওষুধ

65 বছর ও তারচেয়ে বেশি বয়সী সবার জন্য প্রেসক্রিপশনের ওষুধ সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে, যা প্রত্যেক বয়স্ক নাগরিকের প্রয়োজনীয় ওষুধ পাওয়ার বিষয়টি নিশ্চিত করবে। 'অন্টারিও ড্রাগ বেনেফিট'-এর বার্ষিক ডিডাক্টিবল ও কো-পে বাতিল করার মাধ্যমে, অন্টারিওর একজন প্রবীণ নাগরিকের বছরে গড়ে \$240 ডলার সাশ্রয় হবে।

পরিবারবৃন্দের প্রয়োজনী পরিষেবাগুলো তাদের চাহিদামত সময়ে পাওয়ার ক্ষেত্রে আমরা কিভাবে সাহায্য করছি

অন্টারিওতে যা যা করা হচ্ছে:

- আড়াই বছর বয়সী শিশুরা কিন্ডারগার্টেনের জন্য যোগ্য হওয়ার আগে পর্যন্ত তাদের জন্য প্রিন্সুল চাইল্ড কেয়ার ফ্রি করে দেয়ার মাধ্যমে পরিবারবৃন্দের জন্য আরো সাশ্রয়ী মানসম্পন্ন চাইল্ড কেয়ার প্রদান করা হচ্ছে। এর ফলে একটি সন্তান রয়েছে এমন পরিবারের গড়ে \$17,000 ডলার সাশ্রয় হবে, এবং পূর্ণ-দিবস কিন্ডারগার্টেন থেকে পরিবারগুলোর যা সাশ্রয় হবে এটি তার সাথে যোগ হবে।
- অন্তারিওতে ওষুধ ও দাঁতের চিকিৎসা সংক্রান্ত নতুন কর্মসূচি চালু করা হচ্ছে, যার মাধ্যমে যারা অফিস থেকে স্বাস্থ্য সুবিধা পান না অথবা OHIP+ বা অন্য কোনো সরকারি কর্মসূচি থেকে কভারেজ পান না তারা প্রতি বছর উপযুক্ত প্রেসক্রিপশনের ওষুধ ও দাঁতের চিকিৎসার খরচের শতকরা 80 (আশি) ভাগ ফেরত পাবেন — অবিবাহিত ব্যক্তির জন্য সর্বোচ্চ \$400 ডলার, প্রত্যেক দম্পতির জন্য \$600 ডলার এবং দু' টি ছেলেমেয়েসহ চারজনের পরিবারের জন্য \$700 ডলার।
- নতুন 'সিনিয়র্স হেলদি হো ' কর্মসূচি চালু করা হচ্ছে। এটি বয়স্ক প্রবীণ ব্যক্তিদের বাড়িতে বসবাস করার সাথে (যেখানে তারা থাকতে চান) সংশ্লিষ্ট খরচ চিহ্নিত করে থাকে। 75 বছর বা তারচেয়ে বেশি বয়সী ব্যক্তিদের নেতৃত্বে পরিচালিত যোগ্য পরিবারগুলোকে এটি বছরে সর্বোচ্চ \$750 ডলার বেনিফিট প্রদান করে যাতে তারা স্বাধীনভাবে বসবাস করতে পারেন এবং তাদের বাড়ি রক্ষণাবেক্ষণের খরচ পোষাতে পারেন।
- সারা অন্তারিওজুড়ে আরো লক্ষ লক্ষ শিশু, তরুণ-তরুণী ও প্রাপ্তবয়স্কদের জন্য আরো ভালো ও দ্রুততর মানসিক স্বাস্থ্য ও মাদকাসক্তি নিরাপত্তা পরিষেবা প্রদান করা হবে — চার বছরের মধ্যে মোট তহবিল \$17 বিলিয়ন ডলারেরও বেশি অর্থে উন্নীত করা হবে।
- দীর্ঘ-মেয়াদি কেয়ার হোমে থাকা প্রত্যেক ব্যক্তির দৈনিক পরিচর্যা পাওয়ার পরিমাণ গড়ে চার ঘন্টা উন্নীত করা হচ্ছে।
- যারা আর আত্মনির্ভরশীলভাবে বসবাস করতে পারছেন না তাদেরকে সাহায্য করার জন্য এবং যারা তাদের পরিচর্যা করছেন তাদেরকে মানসিক শান্তি প্রদানের জন্য আগামী 10 বছরের মধ্যে 30,000 নতুন দীর্ঘমেয়াদি পরিচর্যার বেড তৈরি করা হচ্ছে - 2022 সালের মধ্যে 5,000 নতুন বেড যোগ করা হচ্ছে। এই নতুন বেডগুলো বর্তমানে সংস্কাররত 30,000 বিদ্যমান বেডের অতিরিক্ত।
- ডিমেনশিয়া আক্রান্ত বলে নতুনভাবে ধরা পড়া 14,000 ব্যক্তির পরিচর্যা উন্নত করা হচ্ছে, তারা যেখানেই বসবাস করেন না কেন।
- হাসপাতাল তৈরি ও সংস্কারের জন্য 10 বছরে প্রায় \$19 বিলিয়ন ডলার বিনিয়োগ করা হচ্ছে, এতে অন্তর্ভুক্ত রয়েছে SickKids-এর নতুন রোগী পরিচর্যা কেন্দ্রের ডিজাইন ও নির্মাণের জন্য \$2.4

বিলিয়ন ডলার এবং অটোয়া হাসপাতালের সিভিক ক্যাম্পাস পুনর্গঠনের ডিজাইন ও নির্মাণের জন্য \$1.8 বিলিয়ন ডলার।

- অপেক্ষার সম কমানো, ক্যাপাসিটির সমস্যা সমাধান করা এবং অন্তারিওর ক্রমবর্ধমান ও বয়স বাড়তে থাকা জনগোষ্ঠীর চাহিদা আরো ভালোভাবে মেটানোর জন্য 2018-2019 বছরে আরো \$822-মিলিয়ন ডলার বিনিয়োগ করা হচ্ছে - এই বিনিয়োগ প্রা এক দশকের মধ্যে হাসপাতালগুলোতে সরকারের একক সর্ববৃহৎ বিনিয়োগ।
- অবহিত সিদ্ধান্ত গ্রহণ এবং কমিউনিটিতে সক্রিয়ভাবে অংশগ্রহণকে সক্ষম করে এমন একটি ব্যবস্থার মাধ্যমে প্রা 47,000 বৃদ্ধিগতভাবে প্রতিবন্ধী প্রাপ্তবয়স্ক ব্যক্তির জন্য পরিষেবা জোরদারের লক্ষ্যে \$1.8 বিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে একটি ন্যায়সঙ্গত সমাজ গড়ে তোলা হবে।
- রেট বাড়ানো, জটিল নিয় -কানুন কমানো এবং পদ্ধতিগুলোকে সহজ করার াধ্যমে যাদের সামাজিক সহায়তা প্রয়োজন তাদেরকে সহায়তা প্রাপ্তিতে সাহায্য করার জন্য আগামী তিন বছরে বাড়তি \$2.3 বিলিয়ন ডলার বিনিয়োগ করা হচ্ছে।